

উচ্চশিক্ষা

নর্থ সাউথের ২৪তম সমাবর্তন অনুষ্ঠিত

প্রথম আলো ডেস্ক



নর্থ সাউথ ইউনিভার্সিটির ২৪তম সমাবর্তনে ২০ শিক্ষার্থীকে চ্যান্সেলর স্বর্ণপদক ও ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হয়
ছবি: বিজ্ঞপ্তি

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২৪তম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। এতে সাত হাজারের বেশি শিক্ষার্থীকে গ্যাজুয়েশন ডিগ্রি প্রদান করা হয়েছে।

বুধবার বিকেলে এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। এতে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পক্ষে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ভারতের পরিকল্পনা কমিশনের সাবেক ডেপুটি চেয়ারম্যান ও সেন্টার ফর সোশ্যাল

স্বর্ণপদক ও ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হয়।

শিক্ষামন্ত্রী তাঁর বক্তব্যে অগ্রগতির জন্য শিক্ষার ওপর গুরুত্বারোপ করেন এবং অর্থনীতির জন্য মানসম্মত উচ্চশিক্ষার তাৎপর্য তুলে ধরেন।

সমাবর্তন বক্তা মন্টেক এস আহলুওয়ালিয়া তাঁর বক্তব্যে থ্যাজুয়েটদের তাঁদের সম্ভাবনা অনুসন্ধান এবং আধুনিক বিশ্বের অর্থনীতিতে অবদান রাখার পরামর্শ দেন।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম শিক্ষার্থীদের দেশের জনগণের প্রতি ও বিশ্ব উন্নতিতে অর্থবহ অবদান রাখার আহ্বান জানান।

সমাবর্তন অনুষ্ঠানে আরও বক্তব্য দেন এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাভেদ মুনির আহমদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জুনায়েদ কামাল আহমদ ও এনএসইউর উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। এ সময় ট্রাস্টি বোর্ডের সদস্য ইয়াসমিন কামাল, শাহরিয়ার কামাল, বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক এম ইসমাইল হোসেনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Newest ▼



Share your thoughts...

This site is protected by reCAPTCHA and the Google [Privacy Policy](#) and [Terms of Service](#) apply.



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our [Privacy Policy](#).